ইত্তেফাক

তারিখ ... ৪/৩/৭৭ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

185

# সরকারী কর্মচারী প্রভিডেণ্ট ফাণ্ড বিধি সংশোধন

বাসস জানায়ঃ সরকার জেনারেল প্রভিডেণ্ট ফাণ্ড (সেণ্ট্রল সার্ভিস) বিধি পুনরায় সংশোধন করিয়াছেন। নয়া সংশোধনী অনুযায়ী যে সকল সরকারী কর্মচারীর বয়স ৫২ বৎসর পূর্ণ হইবে তাঁহারা ইচ্ছা করিলে প্রভিডেণ্ট ফাণ্ডে টাকা দেওয়া বন্ধ করিয়া দিতে পারিবেন।

প্রভিডেণ্ট ফাণ্ড হইতে টাকা তোলার নিয়মও সংশোধন করা হইয়াছে। সংশোধনী অনুযায়ী যে কর্মচারীর বয়স ৫২ বৎসর পূর্ণ হইয়াছে তিনি তাহার ফাণ্ডে জমাকৃত টাকার শতকরা ৮০ ভাগ তুলিয়া লইতে পারিবেন এবং এই অর্থ আর ফেরত দিতে হইবে না। ইতিপূর্বে কোন কর্মচারী এই তহবিল হইতে ফেরত দেওয়ার ভিত্তিতে টাকা তোলার পর তাঁহার বয়স ৫২ বৎসর পূর্ণ হইলে ফেরতযোগ্য অবশিষ্ট টাকা ইচ্ছা করিলে ফেরত নাও দিতে পারিবেন।

সংশোধনী অনুযায়ী সরকারী

(৮ম পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ফাণ্ড বিধি সংশোধন

(১ম পৃঃ পর)

কর্মচারীদের প্রতিমাসে ফাণ্ডে দেয় টাকার হার নিম্নরূপ ধার্য করা হইয়াছেঃ তিনশত টাকা পর্যন্ত বেতনধারী টাকাপ্রতি একপয়সা, তিনশত টাকার বেশী কিন্তু পাঁচশত টাকার কম বেতনধারী টাকাপ্রতি ৬ পয়সা, পাঁচশত টাকার বেশী কিন্তু এক হাজার টাকার কম বেতনধারী টাকা প্রতি ৯ পয়সা, এক হাজার টাকার বেশী কিন্তু দুই হাজার টাকার কম বেতনধারী টাকা প্রতি ১২ পয়সা এবং দুই হাজার টাকার বেশী বেতনধারী টাকাপ্রতি ১৫ পয়সা। এই সংশোধনী চলতি সালের পহেলা মার্চ হইতে কার্যকর হইবে, খবর তথ্য বিবরণীর।